দৈনিক ইনকিলাব

তারিখ 28 OCT 1998
পৃষ্ঠা ২ কলাম ২

৪৭

মধ্য রাতে রুদ্ধদ্বার দীর্ঘ বৈঠক

# ছাত্র লীগের নয়া কমিটি থেকে বিবাহিত অছাত্র ঠিকাদারদের বাদ দেয়ার কঠোর নির্দেশ

গিয়াস উদ্দিন রিমন ॥ ছাত্র লীগের নবগঠিত কেন্দ্রীয় কমিটি নিয়ে মারাত্মক জটিলতার সৃষ্টি হয়েছে। এই কমিটিতে সংগঠনের গঠনতন্ত্র লংঘন করে বিবাহিত, ঠিকাদার, ব্যবসায়ী, অছাত্র, ২৭ বছরের বেশী বয়সীদের ব্যাপকভাবে স্থান দেয়ায় খোদ প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসন্তুষ্ট হয়েছেন। তিনি তার অসন্তোষ প্রকাশ করে আওয়ামী লীগের ছাত্র লীগ বিষয়ক কমিটির প্রধান যুব

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## ছাত্র লীগের নয়া কমিটি

প্রথম পৃষ্ঠার পর

ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদেরকে বিষয়টি পরীক্ষা করে ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন। গতরাতে ছাত্র লীগের নতুন কমিটির সভাপতি, বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকনকে প্রধানমন্ত্রীর সরকারী বাসভবনে ডেকে পাঠানো হয়। সেখান থেকে তারা ছুটে যান ওবায়দুল কাদেরের মিন্টো রোডের বাসভবনে। গতরাত ১২টার পরও সেখানে জনাব কাদের, বাহাদুর ও অজয়ের রুদ্ধদ্বার দীর্ঘ বৈঠক চলছিল। বৈঠকে ১০১-সদস্যের কমিটির যে ৫২ জনের নাম ঘোষণা করা হয়েছে তাদের মধ্যে কারা বিবাহিত, ঠিকাদার, ব্যবসায়ী, সন্ত্রাসী, অছাত্র ও ২৭ বছরের বেশী বয়সী তা নিয়ে আলোচনা হচ্ছিল। একই সঙ্গে কমিটির বাকী ৩টি সম্পাদকসহ ৪৬ জন সদস্য মনোনয়ন নিয়েও আলোচনা হয়। জানা যায়, প্রধানমন্ত্রীর কঠোর নির্দেশের কারণে ঘোষিত কমিটিতে পরিবর্তন করা হতে পারে, বিবাহিত ঠিকাদার, সন্ত্রাসী, অছাত্র ও খুব বেশী বয়সী কয়েকজনকে বাদ দেয়া হতে পারে। ছাত্র লীগের একজন বিদায়ী প্রভাবশালী নেতা গত ২২ অক্টোবর রাতে কমিটি গঠনের সময় নতুন কমিটিতে বিবাহিত ও ঠিকাদারদের ব্যাপক অন্তর্ভুক্তির কারণে স্বাক্ষর করতে রাজি হননি। পরে প্রধানমন্ত্রীর নির্দেশ আছে বলায় তিনি প্রতিবাদ করে কমিটি অনুমোদন করেন। তখন তিনি বলেছিলেন, নবগঠিত কমিটিতে ত্যাগী ও যোগ্য নেতা-কর্মীদের স্থান দেয়া হয়নি। জানা যায়, তখন প্রভাবশালী কয়েকজনের তৈরী ৫২ সদস্যের কমিটি পাঠিয়ে তাতে বিদায়ী সভাপতি এনামুল হক শামীম ও সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্নার স্বাক্ষর নেয়া হয়। পূর্ণাঙ্গ কমিটি গঠনে তাদের ভূমিকা রাখতে দেয়া হয়নি। তাতে বিশেষ ব্যক্তির পছন্দ প্রাধান্য পায়। এ নিয়ে সৃষ্ট জটিলতার খবর প্রধানমন্ত্রীর কাছে পৌঁছলে তিনি কমিটি পরিবর্তনের জন্য কঠোর নির্দেশ দেন। এ নিয়ে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ওবায়দুল কাদেরসহ নতুন সভাপতি ও সাধারণ সম্পাদক বেকায়দায় পড়েছেন।